গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য অধিদপ্তর
মৎস্য ভবন, রমনা, ঢাকা
মৎস্যসম্পদ সংরক্ষণ শাখা
www.fisheries.gov.bd

নম্বর : ৩৩.০২.০০০০.১২১.১৫.০০১.১৯.৮৭ তারিখ : ১৫/০৪/২০২৫ খ্রি.

বিষয় : বাইক্কা বিলসহ হাইল-হাওড়ে মৎস্য সম্পদসহ অন্যান্য জীব বৈচিত্র সংরক্ষণ এবং বড়গাঙ্গিনাসহ অন্যান্য রিসোর্স ম্যানেজমেন্ট অর্গানাইজেশনের (আরএমও) সুষ্ঠু ব্যবস্থাপনার লক্ষ্যে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী প্রেরণ প্রসংগে।

সূত্রঃ মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের ০৬/০৪/২০২৫ তারিখের ৩৩.০০.০০০০.১৩০.২৪.০০১.২২-১৩৮ সংখ্যক স্মারক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাইক্কা বিলসহ হাইল হাওড়ে মৎস্য সম্পদসহ অন্যান্য রিসোর্স ম্যানেজমেন্ট অর্গানাইজেশনের (আরএমও) সুষ্ঠু ব্যবস্থাপনার জন্য করণীয় নির্ধারণের লক্ষ্যে গত ১২/০৩/২০২৫ তারিখ জনাব ফরিদা আখতার, মাননীয় উপদেষ্টা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় এঁর সভাপতিত্বে এক সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী মোতাবেক সংশ্লিষ্ট ক্ষেত্রে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে সংযুক্ত করে নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

সংযুক্ত: বর্ণনাতমতে ।

১৫/০৪/২০২৫
(বরুন চন্দ্র বিশ্বাস)
উপপরিচালক (মৎস্যসম্পদ সংরক্ষণ)
মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা।
ফোন: ০১৭১৫৫৭৬৮৯১

উপপরিচালক
মৎস্য অধিদপ্তর, ঢাকা বিভাগ, ঢাকা/ সিলেট বিভাগ, সিলেট/
ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ/চট্টগ্রাম বিভাগ, কুমিল্লা ।

নম্বর : ৩৩.০২.০০০০.১২১.১৫.০০১.১৯.৮৭/১(৫) তারিখ : ১৫/০৪/২০২৫ খ্রি

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১। পরিচালক (অভ্যন্তরীণ মৎস্য), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা।
২। উপপরিচালক,ই-সার্ভিস এন্ড ইনোভেশন, মৎস্য অধিদপ্তর,মৎস্য ভবন,ঢাকা (পত্রটি অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩। জেলা মৎস্য কর্মকর্তা,সিলেট/সুনামগঞ্জ/হবিগঞ্জ/মৌলভীবাজার/ব্রাহ্মণবাড়িয়া/নেত্রকোণা/কিশোরগঞ্জ।
৪। সহকারী পরিচালক (স্টাফ অফিসার), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য )।
৫। সংশ্লিষ্ট নথি।

১৫/০৪/২৫
( ইসফাত আরা মিশু )
সহকারী পরিচালক
ফোন: ০২-২২৩৩৮০৬৫৩
ই-মেইল: jalmahaldof@gmail.com

27 MAR 2025

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
মৎস্য-৫ শাখা
www.mofl.gov.bd

**বাইক্কা বিলসহ হাইল-হাওড়ে মৎস্য সম্পদসহ অন্যান্য জীববৈচিত্র্য সংরক্ষণ এবং বড়গাঙ্গিনাসহ অন্যান্য রিসোর্স ম্যানেজমেন্ট অর্গানাইজেশনের (আরএমও) সুষ্ঠু ব্যবস্থাপনার লক্ষ্যে করণীয় নির্ধারণের জন্য অনুষ্ঠিত সভার কার্যবিবরণী :**

**সভাপতি** : **ফরিদা আখতার**
মাননীয় উপদেষ্টা
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়

**তারিখ** : ১২/০৩/২০২৫ খ্রিস্টাব্দ
**সময়** : সকাল ১১.০০ টা
**স্থান** : সম্মেলন কক্ষ, মৎস্য মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়

**উপস্থিত সদস্যবৃন্দের তালিকা "পরিশিষ্ট-ক" তে সন্নিবেশিত করা হলো**

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন। সূচনা বক্তব্যে তিনি বলেন, সিলেট বিভাগের মৌলভীবাজার জেলায় অবস্থিত হাইল হাওড় বাংলাদেশের অন্যতম প্রধান মিঠা পানির জলাভূমি, যা জীববৈচিত্র্যের আধার, বিভিন্ন প্রজাতির মাছ, পাখি ও জলজ উদ্ভিদের আশ্রয়স্থল এবং প্রাকৃতিক সৌন্দর্যের অনন্য নিদর্শন। হাওর ও বিলের দেশীয় প্রজাতির মাছের উৎপাদন বৃদ্ধিসহ অন্যান্য জলজ জীববৈচিত্র্য রক্ষার লক্ষ্যে বাইক্কা বিলসহ সকল স্থায়ী মৎস্য অভয়াশ্রমের সুষ্ঠু ব্যবস্থাপনা নিশ্চিত করা অত্যন্ত জরুরি। কেননা এর সাথে দেশের জনগণের মৌলিক চাহিদা অর্থাৎ প্রাণিজ আমিষের চাহিদা পূরণের বিষয়টি ওতপ্রোতভাবে জড়িত। তাই বাইক্কা বিলের প্রাকৃতিক সৌন্দর্য উপভোগ অপেক্ষা জনগণের মৌলিক চাহিদা পূরণকে অগ্রাধিকার দেওয়া প্রয়োজন বলে তিনি মতামত ব্যক্ত করেন। তিনি আরো বলেন, বাইক্কা বিলসহ হাইল হাওরে মৎস্য সম্পদসহ অন্যান্য জীববৈচিত্র্য রক্ষা এবং এর সুষ্ঠু ব্যবস্থাপনার লক্ষ্যে সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়/বিভাগ/দপ্তরের মধ্যে কার্যকরি সমন্বয় প্রয়োজন।

০২। সচিব (রুটিন দায়িত্ব), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় সভাকে অবহিত করেন যে, গত ০৮ ও ০৯ ফেব্রুয়ারি, ২০২৫ তারিখ মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের মাননীয় উপদেষ্টা মৌলভীবাজার জেলায় অবস্থিত হাইল-হাওরের মৎস্য সম্পদ সংরক্ষণ, উৎপাদন বৃদ্ধি, চাষ, আহরণ ও ব্যবস্থাপনা ইত্যাদি সরেজমিনে অবলোকন করার জন্য বাইক্কা বিলসহ (স্থায়ী অভয়াশ্রম) অন্যান্য বিল পরিদর্শন করেন এবং বড়গাঙ্গিনা রিসোর্স ম্যানেজমেন্ট অর্গানাইজেশন (বাইক্কা বিল ব্যবস্থাপনা কমিটি) এর প্রতিনিধিসহ স্থানীয় মৎস্যজীবীদের সাথে মতবিনিময় করেন। সরেজমিন পরিদর্শন এবং মতবিনিময়কালে যে সকল বিষয়াদি আলোচিত হয়েছে তার উপর ভিত্তি করে নিম্নরূপে সভার আলোচ্য বিষয়সমূহ নির্ধারণ করা হয়েছে:

(ক) বাইক্কা বিলসহ হাইল-হাওড়ের অন্যান্য বিল পলি দ্বারা ভরাট হওয়ায় অনতিবিলম্বে বিলগুলো খননের উদ্যোগ গ্রহন;

(খ) ইতোপূর্বে গঠিত রিসোর্স ম্যানেজমেন্ট অর্গানাইজেশন (আরএমও)সমূহ পুনরুজ্জীবীতকরণ, প্রতিটি আরএমও এর অনুকূলে জলমহাল /বিল নির্ধারণ এবং বিল ব্যবস্থাপনার ক্ষেত্রে বাইক্কা বিল মডেল অনুসরণের বিষয় পরীক্ষা-নিরীক্ষা;

(গ) বড়গাঙ্গিনা আরএমওসহ অন্যান্য রিসোর্স ম্যানেজমেন্ট অর্গানাইজেশন এবং জেলা/উপজেলা মৎস্য সম্পদ সংরক্ষণ ও উন্নয়ন কমিটির গঠনতন্ত্র ও কার্যপরিধি পুন:পরীক্ষা/পর্যালোচনা;

(ঘ) রিসোর্স ম্যানেজমেন্ট অর্গানাইজেশন (আরএমও)-এর কার্যক্রম পরিচালনার জন্য বিকল্প আয়ের সম্ভাবনা পরীক্ষাকরণ;

(ঙ) বাইক্কা বিলসহ হাইল-হাওরে মৎস্য সম্পদসহ অন্যান্য জীববৈচিত্র্য ও পরিবেশ সংরক্ষণের স্বার্থে একে সাধারণ পর্যটকদের জন্য উন্মুক্ত না করে কেবল গবেষণা ও জ্ঞানার্জনের জন্য জেলা প্রশাসনের অনুমতি সাপেক্ষে সীমিত আকারে প্রবেশানুমতি প্রদানের বিষয়টি পর্যালোচনা;

(চ) বাইক্কা বিলসহ হাইল হাওরে অবাধে, অপরিকল্পিতভাবে এবং অবৈধ উপকরণ দিয়ে মাছ ধরা, অনিয়ন্ত্রিত কীটনাশক ব্যবহার ইত্যাদি প্রতিরোধের কার্যকরি পন্থা বিশ্লেষণ; এবং

(ছ) বাইক্কা বিল ব্যবস্থাপনা সংক্রান্ত অন্যান্য আনুষঙ্গিক আলোচনা।

০৩। এ পর্যায়ে, সভাপতির অনুমতিক্রমে যুগ্মসচিব (মৎস্য), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় বাইক্কা বিল ব্যবস্থাপনা সংক্রান্ত তথ্য উপস্থাপন করেন। তিনি বলেন, বাইক্কা বিল মৌলভীবাজার জেলার শ্রীমঙ্গল উপজেলায় হাইল হাওরের একটি বিল। এর মোট আয়তন ১১৮.১৮ হেক্টর, যদিও শুষ্ক মৌসুমে এর পানির গভীরতা প্রায় ২০% কমে যায়। বিল সংশ্লিষ্ট বাইক্কা মৎস্যজীবীর সংখ্যা ১৬২৬ জন। মৎস্য অধিদপ্তর কর্তৃক ০১ জুলাই, ২০০৩ সালে বাইক্কা বিল স্থায়ী মৎস্য অভয়াশ্রম প্রতিষ্ঠা করা হয়। উপজেলা মৎস্যসম্পদ সংরক্ষণ ও উন্নয়ন কমিটির নির্দেশনায় বড়গাঙ্গিনা রিসোর্স ম্যানেজমেন্ট অর্গানাইজেশন (আরএমও) ২০০৩ সাল হতে বাইক্কা বিল স্থায়ী মৎস্য অভয়াশ্রমের ব্যবস্থাপনা সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়ন করছে। সংগঠনটির সদস্য সংখ্যা ৪৬ জন। তিনি বলেন, জলাভূমি সম্পদের অবক্ষয় রোধ, পুনরুদ্ধার এবং উক্ত সম্পদের টেকসই করণের লক্ষ্যে মৎস্য অধিদপ্তর কর্তৃক ১৯৯৮-২০০৬ মেয়াদে মৌলভীবাজার জেলায় Management of Aquatic Ecosystem through Community Husbandry (MACH) প্রকল্পটি বাস্তবায়িত হয়। উক্ত প্রকল্পের আওতায় সম্পদ ব্যবহারকারী ও আশেপাশের জনপ্রতিনিধিদের নিয়ে মৌলভীবাজার সদর উপজেলায় ৩টি এবং শ্রীমঙ্গল উপজেলায় ৫টিসহ মোট ৮টি আরএমও প্রতিষ্ঠা করা হয়। উপজেলা পর্যায়ে প্রকল্পের কার্যক্রম তদারকির জন্য প্রথমে 'উপজেলা ফিশারিজ কমিটি' গঠন করা হয়, পরবর্তীতে প্রকল্প শেষে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় কর্তৃক ২০০৮ সালে 'উপজেলা মৎস্যসম্পদ সংরক্ষণ ও উন্নয়ন কমিটি' এবং 'জেলা মৎস্য সম্পদ সংরক্ষণ ও উন্নয়ন কমিটি' গঠন করা হয়। উক্ত কমিটিদ্বয় আরএমও-এর কার্যক্রম তদারকি ও প্রয়োজনীয় পরামর্শ দিয়ে থাকে। যদিও বর্তমানে আটটির মধ্যে মাত্র একটি আরএমও অর্থাৎ বড়গাঙ্গিনা আরএমও সক্রিয় আছে। তিনি আরো জানান, MACH প্রকল্পের আয় বিধায়ক তহবিলের লভ্যাংশ থেকে প্রাপ্ত অর্থ দিয়েই বাইক্কাবিলের রক্ষণাবেক্ষণ ও উন্নয়ন কার্যক্রম পরিচালিত হয়। তহবিলের মূল টাকা ১,৪৪,৩৬,৭৭৯/ (এক কোটি চুয়াল্লিশ লক্ষ ছত্রিশ হাজার সাতশত উনআশি) টাকা এফডিআর আকারে জমা রাখা হয়েছে। উক্ত এফডি আর এর লভ্যাংশের ১০% মূল টাকার সাথে যোগ হয়ে মূলধন বৃদ্ধি পাচ্ছে। অবশিষ্ট ৯০% কে ১০০% ধরে তার ৯০% জলাভূমি ব্যবস্থাপনায় এবং বাকী ১০% উপজেলা মৎস্যসম্পদ সংরক্ষণ ও উন্নয়ন কমিটির সভা আয়োজন, অফিস ব্যবস্থাপনা ও অন্যান্য ব্যয় নির্বাহ করা হয়ে থাকে।

০৪। সভায় উপস্থিত সদস্যবৃন্দ আলোচ্যসূচি অনুযায়ী ধারাবাহিকভাবে আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্তে উপনীত হন:

| | আলোচ্য বিষয় | সর্বসম্মতিক্রমে গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী দপ্তর |
|---|---|---|---|
| ০১ | বাইক্কা বিলসহ হাইল-হাওরের অন্যান্য বিল পলি দ্বারা ভরাট হওয়ায় অনতিবিলম্বে বিলগুলো খননের উদ্যোগ গ্রহণ | ক) হাওর সম্পর্কিত মৎস্য অধিদপ্তরের যে প্রকল্পটি সবুজ পাতায় রয়েছে সেখানে হাইল হাওর অন্তর্ভুক্ত কিনা তা যাচাই করে যদি অন্তর্ভুক্ত না থাকে তবে তা করার উদ্যোগ গ্রহণ করতে হবে;<br><br>খ) মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় কর্তৃক বাইক্কা বিলসহ হাইল হাওরের অন্যান্য বিল নিয়মিত খননের জন্য প্রকল্প গ্রহণ করতে হবে। এ লক্ষ্যে মৎস্য অধিদপ্তর দ্রুত প্রকল্প প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণ করবে;<br><br>গ) হাইল-হাওড়সহ সকল হাওড়ের মৎস্য সম্পদসহ অন্যান্য জীববৈচিত্র্য সংরক্ষণের মাধ্যমে দেশের জনগণের আমিষের চাহিদা পুরণের লক্ষ্যে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, পানিসম্পদ মন্ত্রণালয়, পরিবেশ মন্ত্রণালয় এবং বাংলাদেশ হাওর ও জলাভূমি | ১) মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়;<br>২) মৎস্য অধিদপ্তর |

| | আলোচ্য বিষয় | সর্বসম্মতিক্রমে গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী দপ্তর |
|---|---|---|---|
| | | উন্নয়ন অধিদপ্তরকে হাওড়ের বিলগুলো (প্রয়োজন অনুযায়ী) খননের উদ্যোগ গ্রহণের জন্য মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় কর্তৃক অনুরোধ জানাতে হবে। | |
| ০২ | ইতোপূর্বে গঠিত রিসোর্স ম্যানেজমেন্ট অর্গানাইজেশন(আরএমও)সমূহ পুনরুজ্জীবীতকরণ, প্রতিটি আরএমও এর অনুকূলে জলমহাল /বিল নির্ধারণ এবং বিল ব্যবস্থাপনার ক্ষেত্রে বাইক্কা বিল মডেল অনুসরণের বিষয় পরীক্ষা-নিরীক্ষা | ক) যেহেতু রিসোর্স ম্যানেজমেন্ট অর্গানাইজেশন (আরএমও) সমূহ মূলত: Management of Aquatic Ecosystem through Community Husbandry (MACH) প্রকল্প বাস্তবায়নের উদ্দেশ্যে ২০০৩ সালে গঠন করা হয়েছিল এবং যেহেতু বর্তমানে উক্ত প্রকল্পটি চলমান নেই সেহেতু পরিবর্তিত বাস্তবতায় আরএমও এর নামকরণসহ গঠনতন্ত্র ও কার্যপরিধি পর্যালোচনা করা যেতে পারে;<br><br>খ) যেহেতু আরএমওসমূহ সমাজসেবা অধিদপ্তর কর্তৃক নিবন্ধিত সেহেতু পরবর্তী সভায় সমাজসেবা মন্ত্রণালয়/সমাজসেবা অধিদপ্তরের প্রতিনিধির উপস্থিতিতে এ বিষয়ে আলোচনা করা যায়;<br><br>গ) হাওর/বিলের দেশীয় প্রজাতির মাছ সংরক্ষণ, উৎপাদন বৃদ্ধি ও প্রজননের পরিবেশ রক্ষার লক্ষ্যে প্রতিটি হাওরের নির্দিষ্ট সংখ্যক বিলকে স্থায়ী মৎস্য অভায়াশ্রম ঘোষণা করতে হবে। সেলক্ষ্যে হাওর অধ্যুষিত জেলাসমূহের জেলা মৎস্য কর্মকর্তা হতে তথ্য/প্রতিবেদন সংগ্রহ করত মৎস্য অধিদপ্তর আগামী ১০ (দশ) কার্যদিবসের মধ্যে প্রস্তাব প্রেরণ করবে;<br><br>ঘ) হাওরের প্রতিটি স্থায়ী মৎস্য অভায়াশ্রম ঘোষিত বিলকে উক্ত হাওরের তীরবর্তী সমাজভিত্তিক সংগঠন/সমিতির নিকট স্থায়ী বন্দোবস্ত/ইজারা প্রদান করার বিষয়ে ভূমি মন্ত্রণালয়কে অনুরোধ জানাতে হবে;<br><br>ঙ) পরবর্তী সভায় অন্যান্য মন্ত্রণালয়/ বিভাগ/ দপ্তরসহ সমাজসেবা মন্ত্রণালয়, সমাজসেবা অধিদপ্তর প্রতিনিধিকে আমন্ত্রণ জানাতে হবে। | ১) মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়;<br>২) মৎস্য অধিদপ্তর |
| ০৩ | বড়গাজ্জিনা আরএমওসহ অন্যান্য রিসোর্স ম্যানেজমেন্ট অর্গানাইজেশন | যেহেতু আরএমওসমূহ সমাজসেবা অধিদপ্তর কর্তৃক নিবন্ধিত সেহেতু পরবর্তী সভায় | মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় |

| | আলোচ্য বিষয় | সর্বসম্মতিক্রমে গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী দপ্তর |
|---|---|---|---|
| | এবং জেলা/উপজেলা মৎস্য সম্পদ সংরক্ষণ ও উন্নয়ন কমিটির গঠনতন্ত্র ও কার্যপরিধি পুন:পরীক্ষা/পর্যালোচনা | সমাজসেবা মন্ত্রণালয়/সমাজসেবা অধিদপ্তরের প্রতিনিধির উপস্থিতিতে এ বিষয়ে আলোচনা করা হবে। | |
| ০৪ | রিসোর্স ম্যানেজমেন্ট অর্গানাইজেশন (আরএমও)-এর কার্যক্রম পরিচালনার জন্য বিকল্প আয়ের সম্ভাবনা পরীক্ষাকরণ | ক) যেহেতু MACH প্রকল্পের আয় বিধায়ক তহবিলের লভ্যাংশ থেকে প্রাপ্ত অর্থ দিয়ে একটি আরএমও (বড়গাঙ্গিনা)-এর কার্যক্রম পরিচালিত হচ্ছে বিধায় বর্তমানে কেবল উক্ত আরএমও-ই সক্রিয়। এ প্রেক্ষাপটে পরবর্তী সভায় উল্লিখিত আয় বিধায়ক তহবিল এবং স্থায়ী মৎস্য অভায়াশ্রম ব্যবস্থাপনার লক্ষ্যে বিকল্প আয়ের উৎস পর্যালোচনা করা হবে;<br><br>খ) পরবর্তী সভায় অন্যান্য মন্ত্রণালয়/ বিভাগ/ দপ্তরসহ অর্থ বিভাগের প্রতিনিধিকে আমন্ত্রণ জানাতে হবে। | মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় |
| ০৫ | বাইক্কা বিলসহ হাইল-হাওরে মৎস্য সম্পদসহ অন্যান্য জীববৈচিত্র্য ও পরিবেশ সংরক্ষণের স্বার্থে একে সাধারণ পর্যটকদের জন্য উন্মুক্ত না করে কেবল গবেষণা ও জ্ঞানার্জনের জন্য জেলা প্রশাসনের অনুমতি সাপেক্ষে সীমিত আকারে প্রবেশানুমতি প্রদানের বিষয়টি পর্যালোচনা | ক) যেহেতু বাইক্কা বিলসহ হাইল হাওরে ইকো-টুরিজম বা সাসটেইনেবল টুরিজম প্রতিষ্ঠার অনুকূল পরিবেশ এবং অবকাঠামো বর্তমানে তৈরি হয়নি, সেহেতু, দেশীয় প্রজাতির মাছসহ অন্যান্য জীববৈচিত্র্য ও পরিবেশ সংরক্ষণের স্বার্থে বাইক্কা বিলসহ হাইল হাওরের অন্যান্য স্থায়ী মৎস্য অভায়াশ্রম সাধারণ পর্যটকদের জন্য উন্মুক্ত করা যাবে না। এলক্ষ্যে বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় প্রজ্ঞাপন/এসআরও জারি করতে পারে;<br><br>খ) তবে, গবেষণা (survey বা baseline study), প্রশিক্ষণ ও জ্ঞানার্জনের উদ্দেশ্যে সীমিত আকারে/শর্ত সাপেক্ষে উন্মুক্ত করা যায়। সেক্ষেত্রে, সংশ্লিষ্ট জেলা মৎস্য কর্মকর্তার সুপারিশ এবং জেলা প্রশাসনের অনুমতি গ্রহণ করতে হবে। | ১) মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়;<br>২) বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়;<br>৩) সংশ্লিষ্ট জেলা প্রশাসন;<br>৪) সংশ্লিষ্ট জেলা মৎস্য কর্মকর্তা |
| ০৬ | বাইক্কা বিলসহ হাইল হাওরে অবাধে, অপরিকল্পিতভাবে এবং অবৈধ উপকরণ দিয়ে মাছ ধরা, অনিয়ন্ত্রিত কীটনাশক ব্যবহার ইত্যাদি প্রতিরোধের কার্যকরি পন্থা বিশ্লেষণ | ক) বাইক্কা বিলসহ হাইল হাওরে অবাধে, অপরিকল্পিতভাবে এবং অবৈধ উপকরন দিয়ে মাছ ধরা ইত্যাদি প্রতিরোধে বর্তমানে মাঠ পর্যায়ের মৎস্য কর্মকর্তা এবং সংশ্লিষ্ট জেলা/উপজেলা প্রশাসন কর্তৃক গৃহীত কার্যক্রম জোরদার করতে হবে এবং মৎস্য অধিদপ্তর কর্তৃক নিয়মিত মনিটর করতে হবে; | ১) মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়;<br>২) মৎস্য অধিদপ্তর<br>৩) মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর<br>৪) মাঠ পর্যায়ের মৎস্য কর্মকর্তা (সংশ্লিষ্ট |

| | আলোচ্য বিষয় | সর্বসম্মতিক্রমে গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী দপ্তর |
|---|---|---|---|
| | | খ) হাওরে মৎস্য সম্পদ সংরক্ষণ সংক্রান্ত আইনগুলো লিখে ছবি সম্বলিত বড় বড় বিলবোর্ডে স্থাপন করতে হবে (✓ও X চিহ্ন ব্যবহার করে)। মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তরকে বিভিন্ন মাধ্যমে মৎস্য সম্পদ সংরক্ষণের আইন প্রচারের পদক্ষেপ গ্রহণ করতে হবে;<br><br>গ) হাওরে অনিয়ন্ত্রিত কীটনাশক ব্যবহার বন্ধ করার বিষয়টি পরবর্তী সভায় আলোচনা করা হবে। পরবর্তী সভায় অন্যান্য মন্ত্রণালয়/বিভাগ/দপ্তরসহ কৃষি মন্ত্রণালয়ের প্রতিনিধিকে আমন্ত্রণ জানাতে হবে। | জেলা/উপজেলা) |
| ০৭ | বাইক্কা বিল ব্যবস্থাপনা সংক্রান্ত অন্যান্য আনুষঙ্গিক আলোচনা:<br>ক) দীর্ঘ মেয়াদী কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন<br><br>খ) নিয়মিত আন্ত:মন্ত্রণালয় সভা আহ্বান | ক) বাইক্কা বিলসহ হাইল-হাওড়ে মৎস্য সম্পদসহ অন্যান্য জীববৈচিত্র্য সংরক্ষণ এবং বড়গাঙ্গিনাসহ অন্যান্য রিসোর্স ম্যানেজমেন্ট অর্গানাইজেশন (আরএমও) এর সুষ্ঠু ব্যবস্থাপনার লক্ষ্যে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের উদ্যোগে পানিসম্পদ মন্ত্রণালয়, স্থানীয় সরকার মন্ত্রণালয়, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় এবং অন্যান্য মন্ত্রণালয়/বিভাগ/দপ্তরের সমন্বয়ে একটি দীর্ঘ মেয়াদী কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন করা হবে;<br><br>খ) বাইক্কা বিলসহ হাইল-হাওড়ে মৎস্য সম্পদসহ অন্যান্য জীববৈচিত্র্য সংরক্ষণের নিমিত্ত সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের অংশগ্রহণে নিয়মিত আন্ত:মন্ত্রণালয় সভা আহ্বান করতে হবে। | মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের |

০৫। পরিশেষে, মৌলভীবাজার জেলার বাইক্কা বিলসহ হাইল হাওরে দেশীয় প্রজাতির মাছসহ অন্যান্য জীববৈচিত্র্য ও পরিবেশ সংরক্ষণে সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়/বিভাগ/দপ্তরের সুষ্ঠু সমন্বয় ও পারস্পরিক সহযোগিতার প্রত্যাশা ব্যক্ত করে এবং আলোচনায় সক্রিয় অংশগ্রহণের জন্য উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

ফরিদা আখতার ১৫.০.২৫
উপদেষ্টা
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়

| | আলোচ্য বিষয় | সর্বসম্মতিক্রমে গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী দপ্তর |
|---|---|---|---|
| | | খ) হাওরে মৎস্য সম্পদ সংরক্ষণ সংক্রান্ত আইনগুলো লিখে ছবি সম্বলিত বড় বড় বিলবোর্ড স্থাপন করতে হবে (✓ও X চিহ্ন ব্যবহার করে)। মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তরকে বিভিন্ন মাধ্যমে মৎস্য সম্পদ সংরক্ষণের আইন প্রচারের পদক্ষেপ গ্রহণ করতে হবে;<br><br>গ) হাওরে অনিয়ন্ত্রিত কীটনাশক ব্যবহার বন্ধ করার বিষয়টি পরবর্তী সভায় আলোচনা করা হবে। পরবর্তী সভায় অন্যান্য মন্ত্রণালয়/বিভাগ/দপ্তরসহ কৃষি মন্ত্রণালয়ের প্রতিনিধিকে আমন্ত্রণ জানাতে হবে। | জেলা/উপজেলা) |
| ০৭ | বাইক্কা বিল ব্যবস্থাপনা সংক্রান্ত অন্যান্য আনুষঙ্গিক আলোচনা:<br>ক) দীর্ঘ মেয়াদী কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন<br><br>খ) নিয়মিত আন্ত:মন্ত্রণালয় সভা আহ্বান | ক) বাইক্কা বিলসহ হাইল-হাওড়ে মৎস্য সম্পদসহ অন্যান্য জীববৈচিত্র্য সংরক্ষণ এবং বড়গাঙ্গিনাসহ অন্যান্য রিসোর্স ম্যানেজমেন্ট অর্গানাইজেশন (আরএমও) এর সুষ্ঠু ব্যবস্থাপনার লক্ষ্যে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের উদ্যোগে পানিসম্পদ মন্ত্রণালয়, স্থানীয় সরকার মন্ত্রণালয়, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় এবং অন্যান্য মন্ত্রণালয়/বিভাগ/দপ্তরের সমন্বয়ে একটি দীর্ঘ মেয়াদী কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন করা হবে;<br><br>খ) বাইক্কা বিলসহ হাইল-হাওড়ে মৎস্য সম্পদসহ অন্যান্য জীববৈচিত্র্য সংরক্ষণের নিমিত্ত সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের অংশগ্রহণে নিয়মিত আন্ত:মন্ত্রণালয় সভা আহ্বান করতে হবে। | মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের |

০৫। পরিশেষে, মৌলভীবাজার জেলার বাইক্কা বিলসহ হাইল হাওরে দেশীয় প্রজাতির মাছসহ অন্যান্য জীববৈচিত্র্য ও পরিবেশ সংরক্ষণে সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়/বিভাগ/দপ্তরের সুষ্ঠু সমন্বয় ও পাস্পরিক সহযোগিতার প্রত্যাশা ব্যক্ত করে এবং আলোচনায় সক্রিয় অংশগ্রহণের জন্য উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৫.৩.২৩

ফরিদা আখতার
উপদেষ্টা
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়